MAY 30 2002

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ২...

# কুমিল্লায় ছাত্রদল-শিবিরের হুমকি ঃ অধ্যাপক আনিসুজ্জাম[ান] অনুষ্ঠানে যেতে পারেননি

কুমিল্লা থেকে মাহাবুব আলম বাবু ॥ কুমিল্লায় ছাত্রদল ও শিবির ক্যাডারদের হুমকির মুখে বুধবার অলক্ত সাহিত্য পরিষদের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পুরস্কার কমিটির সভাপতি অধ্যাপক আনিসুজ্জামান যোগ দিতে পারেননি। তিনি না যাওয়ায় অনুষ্ঠানের প্রধান অতিথি অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকীও যাননি। ইতোপূর্বে ৯ই এপ্রিল একই কারণে সাংবাদিক শাহরিয়ার কবিরও ঘাতক দালাল নির্মূল কমিটি আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিতে পারেননি। দেশের প্রথিতযশা গুণিজনদের আগমনে বাধাদানের ঘটনায় কুমিল্লায় সর্বস্তরের মানুষের মধ্যে তীব্র প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে।

বুধবার কুমিল্লা অলক্ত সাহিত্য পরিষদের পুরস্কার বিতরণী অনুষ্ঠান ভিক্টোরিয়া কলেজ শিক্ষক মিলনায়তনে বিকেল ৪টায় কড়া পুলিশি প্রহরার মধ্য দিয়ে শুরু হয়। পুরস্কার কমিটির সভাপতি অধ্যাপক আনিসুজ্জামান ও প্রধান অতিথি প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী অনুষ্ঠানে যোগ দিতে পারেননি। ভিক্টোরিয়া কলেজে ছাত্র সংসদের ঐক্য পরিষদ (ছাত্রদল ও ছাত্র শিবির) ইতোপূর্বে কলেজ অধ্যক্ষ ও অলক্ত সাহিত্য পরিষদের সম্পাদক প্রফেসর তিতাশ চৌধুরীকে আগাম জানিয়ে দিয়েছে প্রফেসর আনিসুজ্জামানকে কুমিল্লায় অনুষ্ঠানে যোগ দিতে দেয়া হবে না। এটা তাদের নির্দেশ। এ নির্দেশ উপেক্ষা করা হলে অনুষ্ঠানস্থলে বোমা ফাটবে।
তিতাশ চৌধুরী জেলা প্রশাসন ও
অধ্যাপক আনিসুজ্জামানকে টেলি
ঘটনা জানান। জেলা প্রশাসন অনুষ্ঠ
নিরাপত্তার আশ্বাস দেয়। গতকাল

হুমকি ঃ পৃঃ ২ কঃ ৭

কলেজ ভি.পি ও ছাত্রদল নেতা ে
জানান, আমরা কোন বাধা প্রদান ক
অথচ আমাদের নামেই অপপ্রচার
হচ্ছে। বাংলাদেশ মানবাধিকার বা
সংস্থার কুমিল্লা শাখার স
অ্যাডভোকেট নাজমুল আলম
নোমান ক্ষোভের সঙ্গে বলেন, অব
ঘটনাটি নিন্দনীয়। শিক্ষা ও সং
পদচারণায় কুমিল্লা বরাবরই মুখর
অথচ, এখন বরেণ্য ব্যক্তিদের হুমকি
হচ্ছে এবং তাদের ওপর নিষেধাজ্ঞা
করা হচ্ছে।

মৌলবাদী ও স্বাধীনতা বিরো
এসব ঘটনা একের পর এক ঘটাতে
ভবিষ্যতে কুমিল্লায় তালেবানতন্ত্র
হবে। তাই এখনই এদের বিরুদ্ধে
নেয়া প্রয়োজন। তিনি বলেন, প্রশাস
এক্ষেত্রে যথাযথ ভূমিকা পালন
হবে। জেলা পুলিশ সুপার এম
হোসেন জানান, কলেজ অধ্যক্ষের
থেকে এ বিষয়ে তিনি অবহিত হ
এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা
বলেছিলেন।

গতকাল অনুষ্ঠানে যোগ দিতে
অভ্যাগতদের অনেকেই প্রধান অতি
পুরস্কার কমিটির সভাপতিকে না
হতবাক হন। পরে তারা কারণ
পেরে ক্ষোভ প্রকাশ করেন।